

NHS স্কটল্যান্ড COVID স্ট্যাটাস

NHS স্কটল্যান্ড COVID স্ট্যাটাসে আপনার COVID টিকাকরণের বিবরণ ও NHS টেস্টের ফলাফলের পাশাপাশি আপনার সেরে ওঠার তথ্য, নিরাপদ উপায়ে রাখা হয়।

বিদেশে ভ্রমণের সময় আপনার COVID স্ট্যাটাস প্রমাণ করতে এটা আপনি ব্যবহার করতে পারেন।

যদি আন্তর্জাতিক ভ্রমণের জন্য আপনি আপনার COVID স্ট্যাটাস ব্যবহার করেন, সেক্ষেত্রে যে দেশে যাবেন সেখানে প্রবেশের শর্ত আপনার অনুসরণ করা উচিত, এছাড়া ঐ দেশ থেকে স্কটল্যান্ডে ফিরে আসার শর্ত কী তাও আপনার জেনে নেওয়া উচিত।

আপনার COVID স্ট্যাটাস প্রমাণ করার সবচেয়ে সহজ ও সবচেয়ে সুরক্ষিত উপায় হল NHS স্কটল্যান্ড COVID স্ট্যাটাস অ্যাপ ব্যবহার করা। আপনার কাছে অবশ্যই অ্যাপের লেটেস্ট ভার্সনটি রাখবেন।

আপনি [অনলাইনে PDF কপি ডাউনলোড করতে পারেন](#) বা 0808 196 8565 COVID স্ট্যাটাস হেল্পলাইনে ফোন করে কাগজে টিকাকরণের সার্টিফিকেটের জন্যও অনুরোধ করতে পারেন। যখন দরকার তার আগে আপনার কাগজের কপি সংগ্রহ করে নেওয়ার জন্য হাতে যথেষ্ট সময় রাখবেন।

যদি আপনার বয়স 16 বছরের কম হয়, তাহলে আপনি 0808 196 8565 নম্বরে COVID স্ট্যাটাস হেল্পলাইনে ফোন করে আপনার টিকাকরণের স্ট্যাটাসের কপির জন্য অনুরোধ করতে পারেন।

আপনার বয়স যদি 16 বছর ও তার বেশি হয় এবং 1লা মে-এর আগে NHS PCR করা হয়ে থাকে, তাহলে COVID স্ট্যাটাস অ্যাপে সেরে ওঠার প্রমাণ দেখানো হবে অথবা পজিটিভ PCR টেস্টের তারিখ থেকে 180 দিনের মধ্যে NHS ইনফর্ম পোর্টাল থেকে তা সংগ্রহ করা যায়। আপনার বয়স যদি 16 বছরের কম হয়, সেরে ওঠার স্ট্যাটাসের কপির অনুরোধ করতে আপনি হেল্পলাইনে ফোন করতে পারেন। আপনি বেসরকারি টেস্ট করিয়ে থাকলে, সেরে ওঠার প্রমাণ দেখাতে আপনার PCR ফলাফল নিশ্চিত করার টেক্সট মেসেজ বা ইমেল ব্যবহার করা উচিত।

যখন আপনি আপনার NHS স্কটল্যান্ড COVID স্ট্যাটাসের মুদ্রিত সংস্করণ পাবেন, তখন উপরের ডান কোণে ইংল্যান্ড, ওয়েলস, স্কটল্যান্ড এবং উত্তর আয়ারল্যান্ডের লোগো দেখতে পাবেন। এই চার দেশের লোগোর নিচে একটি নীল তীরচিহ্ন দেখবেন যা জালিয়াতি রোধ করার জন্য নিরাপত্তা বৈশিষ্ট্যস্বরূপ।

চিঠি জারির তারিখের সাথে আপনার নাম এবং ঠিকানা চিঠির উপরের দিকে থাকে।

আপনার টিকাকরণের স্ট্যাটাসে যে নাম এবং ঠিকানা আছে তার সাথে আপনার GP রোগীর রেকর্ডের তথ্যের মিল থাকবে।

আপনার COVID স্ট্যাটাসে আপনার ঠিকানা পুরানো হলেও আন্তর্জাতিক যাতায়াতের জন্য আপনি সেটা ব্যবহার করতে পারেন, যদি আপনার নাম এবং জন্মতারিখ ঠিক থাকে।

আন্তর্জাতিক ভ্রমণের জন্য আপনার টিকাকরণের স্ট্যাটাসে আপনার মাত্রের নাম থাকার প্রয়োজন নেই।

আপনার সার্টিফিকেটে আরেক সুরক্ষা বৈশিষ্ট্যস্বরূপ একটি নীল ওয়াটারমার্ক থাকে।

নীল বাস্ত্রের মধ্যে আপনার টিকাকরণের তথ্য রয়েছে। আপনি যে ডোজ পেয়েছেন এবং যখন পেয়েছেন তা এখানে দেখানো হবে।

প্রতিটি ডোজের তথ্যের নিচে, একটি 2D বারকোড বা QR কোড রয়েছে। এতে আপনার ডোজ সম্পর্কে তথ্য রয়েছে যা বিশেষ প্রযুক্তির সাহায্যে স্ক্যান করলে আপনার টিকার তথ্য দেখাবে এবং যাচাই করবে যে তা আসল। এই বারকোডের নির্দিষ্ট মেয়াদ রয়েছে। এটির মেয়াদ শেষ হওয়ার আগে বা যদি আপনি টিকার অতিরিক্ত ডোজ নিয়ে থাকেন, তাহলে আপনাকে নতুন সার্টিফিকেটের জন্য অনুরোধ করতে হবে।

আপনার 2D বারকোডের মধ্যে থাকা তথ্যে রদবদল করা যায় না বলে অতিরিক্ত সুরক্ষা প্রদান করে।

চিঠির নিচে একটি ওয়েবসাইট রয়েছে যেখানে NHS স্কটল্যান্ড যেভাবে আপনার চিঠিতে থাকা ডেটা ব্যবহার করে সে সম্পর্কে তথ্য রয়েছে। NHS স্কটল্যান্ড ব্যক্তিগত তথ্য সংরক্ষণ করে না এবং তৃতীয় পক্ষকে দেয় না।

আপনার চিঠি ID'র প্রমাণ নয় এই পরামর্শও স্পষ্টভাবে দেওয়া হল।

আপনার চিঠির কোনো তথ্য ভুল হলে অথবা আপনি স্কটল্যান্ডের বাইরে টিকা নিয়ে থাকলে 0808 196 8565 নম্বরে COVID স্ট্যাটাস হেল্পলাইনে যোগাযোগ করুন অথবা আপনার হয়ে কাউকে যোগাযোগ করতে বলুন।